

দ্বিতীয় সংস্করণের ভূমিকা

বাংলা গানের জগতের কিস্মদস্তী পুরুষ রামকুমার চট্টোপাধ্যায় আজ আমাদের মধ্যে নেই (১৯২০-২০০৯)। কিন্তু সারাজীবনের সাধনায় বাংলা গানের যে ভাণ্ডারটি তিনি ভরে তুলেছেন তা আমাদের অমূল্য সম্পদ। ঋষিতুল্য একাগ্রতায় যা সংগ্রহ করেছেন কণ্ঠমাধুর্যে তাকে বিলিয়ে দিয়েছেন শ্রোতার কাছে। অন্তঃসলিলা ফল্গুর মত বাংলা গানের যে ধারাটি ডুবে যেতে বসেছিল তাকে ভগীরথের মত উজ্জীবিত করে তুলেছেন - বাঁচিয়ে রেখেছেন গুরু-শিষ্য পরম্পরার মধ্যে। তাঁর এই সাধনাকে গুনগ্রাহী পাঠকের চোখের সামনে উপস্থিত করতে পেরে 'বিংশ শতাব্দী' সম্মানিত-গর্বিত।

১লা জুলাই, ২০১৩

কাঞ্চনা মুখোপাধ্যায়